

ই-মেইল ও রেজিঃ ডাক যোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা- ১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪৩৯.২০১৮- ১৪০১

তারিখ

১৭ পৌষ, ১৪২৫।
২৩ ডিসেম্বর, ২০১৮।

বিষয় : রীট পিটিশন নং ১২৫৬৯/২০১৮ এর দফাওয়ারী ইংরেজী জবাব ও রীট সংশ্লিষ্ট তথ্য/রেকর্ডপত্র প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব জনাব মোহাম্মদ আব্দুল হাকিম, প্রধান শিক্ষক, পশ্চিম ভাদুরীগাছা বেসরকারী প্রাথমিক বিদ্যালয় (সদ্য জাতীয়করণ) উপজেলা: আমতলী, জেলা: বরগুনা গং প্রধান শিক্ষক পদে প্রাপ্ত টাইমস্কেল বাতিলের বিরুদ্ধে মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ১২৫৬৯/২০১৮ দায়ের করেন। গত ১৫.১০.২০১৮ খ্রিঃ তারিখে মহামান্য আদালত নিম্নরূপ আদেশ প্রদান করেনঃ

Subject to the disposal of the Rule, the operation of the memo No. BDGbl/Avg/ei/RvZxqKiY wkYK/611 dated 10.09.2018 (Annexure-M to the writ petition) issued by the Respondent No. 10 cancelling the earlier time scale of the petitioner in the posts of Head Master of the nationalized Primary School in pursuance of the office order being Memo No. 07.03.0000.009.38.500.17 (Khanda-2) 219 dated 07.01.2018 (Annexure-L to the writ petition) be stayed for a period of 06 (six) months from date.

২। উল্লেখ্য যে, উক্ত রীটের বিরুদ্ধে সরকার পক্ষে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত রীট পিটিশন সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি প্রয়োজন, যা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইনকোষে সংরক্ষিত নেই।

৩। বর্ণিত অবস্থায় রীট পিটিশন নং ১২৫৬৯/২০১৮ এর প্রেক্ষিতে নিম্নোক্ত তথ্য/রেকর্ড সমূহ আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে অধিদপ্তরের আইন কোষে আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

- (১) রীট পিটিশন নং ১২৫৬৯/২০১৮ এর বিষয়ে তার গৃহীত কার্যক্রমের বিবরণ, দুই প্রস্থ।
- (২) রীট পিটিশনের দফাওয়ারী ইংরেজী জবাব (যথাস্থানে ডিপিইও এর স্বাক্ষর ও সীলসহ), দুই প্রস্থ।
- (৩) প্রেরিত ওকালত নামায় স্বাক্ষর প্রদান (যথাস্থানে ডিপিইও এর স্বাক্ষর ও সীলসহ)।
- (৪) প্রেরিত ক্ষমতাপর্শনে স্বাক্ষর প্রদান (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- (৫) সরকার পক্ষের যাবতীয় রেকর্ড পত্র, দুই প্রস্থ।

৪। প্রতিটি রেকর্ডপত্র স্পষ্ট হওয়া প্রয়োজন এবং এ বিষয়ে আর কোন তাগিদপত্র দেয়া হবে না। কোন প্রকার অনিয়ম বা অবহেলাজনিত কারণে সরকার পক্ষের ক্ষতি হলে এর দায়-দায়িত্ব তাঁর উপর বর্তাবে।

- সংযুক্তি: ১। রুলের কপি ০১(এক) খানা।
২। ওকালতনামা ০২(দুই) খানা।
৩। ক্ষমতাপর্শপত্র ০২(দুই) খানা।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার।
বরগুনা।


স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪৩৯.২০১৮- ১৪০১/২


তারিখ

১৭ পৌষ, ১৪২৫।
২৩ ডিসেম্বর, ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, বরিশাল বিভাগ, বরিশাল। তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ২। অফিস নথি।


মো: আব্দুল আলীম
সহকারী পরিচালক (আইন)
পক্ষে- মহাপরিচালক


মো: আব্দুল আলীম
সহকারী পরিচালক (আইন)
পক্ষে- মহাপরিচালক